

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### ক্লাসরুমের চার দেয়ালের বাহিরে শিক্ষা অর্জন

প্রিয় নিউ ইয়র্কবাসী,

শিক্ষাবিদ হিসেবে আমার তিন দশকেরও অধিক সময়ে, শিক্ষার্থীরা যেভাবে বেড়ে ওঠে সেবিষয়ে আমার কিছু মূল বিশ্বাস তৈরি হয়েছে, যার মধ্যে রয়েছে, সবচেয়ে অর্থবহ শিক্ষা অর্জন প্রায়শই ক্লাসরুমের চার দেয়ালের বাহিরে ঘটে। শিক্ষার জন্য প্রাসঙ্গিক এবং উদ্দীপ্ত অনুভব করতে, শিক্ষার্থীদের তাদের চারপাশের জগতের সাথে সম্পৃক্ত হবার বিভিন্ন সুযোগ প্রয়োজন।

আমি 11-15 মার্চে অনুষ্ঠিত আমাদের ষষ্ঠ বার্ষিক [সিভিকস্ উইক](#)-এর প্রতিফলন করার সময় এই বিশ্বাসটি আমার ভাবনায় আসে। P721K, ব্রুকলিন অক্যুপেশনাল ট্রেনিং সেন্টারে সপ্তাহটি উদ্বোধন করার পর, স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের সাথে শিক্ষার্থীদের বৈঠক থেকে শুরু করে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে চিঠি লেখার মাধ্যমে প্রচার পর্যন্ত বিভিন্ন বিষয়ে আমি অব্যাহতভাবে আমাদের সিটিব্যাপী যেসব অসাধারণ পৌর সংশ্লিষ্টতা ঘটছে সেগুলির হালনাগাদ খবর পাচ্ছি। এই অভিজ্ঞতাগুলো পরবর্তী প্রজন্মকে জীবনভর পৌর নেতৃত্বের জন্য প্রস্তুত করে, এবং সেই কারণে, 25-টি ডিস্ট্রিক্ট

আমাদের [সিভিকস্ ফর অল পার্টনার ডিস্ট্রিক্ট প্রোগ্রাম](#)-এর মাধ্যমে বছর-জুড়ে বিভিন্ন সহায়-সংস্থান (রিসোর্স) এবং প্রশিক্ষণের জন্য সাইন আপ করেছে।

NYC পাবলিক স্কুলস্-এ, সামারেও হাতে-কলমের শিক্ষাদান করা হয়। আমরা সম্প্রতি আমাদের সামার রাইজিংয়ের আবেদন চালু করেছি (যা নিয়মিত সময়ের চেয়ে এক মাস আগে, যেন পরিবারেরা পরিকল্পনা করার জন্য অতিরিক্ত সময় পায়)। এটি হবে এই প্রোগ্রামের জন্য আমাদের ধারাবাহিক চতুর্থ বছর, যা বর্তমানে K-8 গ্রেডের 110,000 শিক্ষার্থী-কে সামারে বিনা-খরচে ও নিরাপদে শিক্ষা অর্জন এবং আনন্দ উপভোগের সুযোগ অফার করে। সামার রাইজিংয়ের শিক্ষার্থীরা বিভিন্ন মিউজিয়াম, পার্ক, খেলাধুলার অনুষ্ঠান, এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে এই সিটির যা কিছু অফার করার আছে সেগুলোর সুযোগ নিতে পারে। আবেদনের সময় শেষ হবে 25 মার্চ—সুতরাং আজই [আরও জানুন এবং আবেদন করুন!](#)

আপনার সন্তান সিভিকস্ সপ্তাহে ভোট দেয়ার জন্য রেজিস্টার করতে বা সামার রাইজিংয়ের জন্য দিন গুনছে—যেটাই হোক না কেন—তার ডেস্কে এবং ক্লাসরুমের চার দেয়ালের বাহিরে, সে কী শিখছে সেগুলি সম্পর্কে তাকে জিজ্ঞাসা করতে আমি আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।